



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

২৬ মে ২০১৮ খ্রি.

৩৩নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লবের উদ্যোগে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র

২৬ মে ২০১৮ খ্রি. শনিবার, দুপুরে জেএমসেন স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে নগরীর ৩৩নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব হাসান মুরাদ বিপ্লবের অর্থায়নে আবদুল জব্বার কালামিয়া মেস্বার-আবদুল আজিম স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে ফিরিঙ্গীবাজার এলাকায় দ্বিতীয় দফায় গরীব ও নিঃস্ব ১২শত পরিবারের মাঝে ইফতার ও সেহেরী সামগ্রী বিতরণ করেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ উপলক্ষে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির ভাষণে মেয়র বলেন, বিত্তবানদের নিকট বিত্তহীনদের হক রয়েছে। দারিদ্র জয় করতে হলে সাধনা ও চেষ্টা থাকতে হবে। এ প্রসঙ্গে তিনি বলেন, দারিদ্র বিমোচনের একমাত্র অবলম্বন সন্তানদের কর্মসংস্থান করা। সরকার দারিদ্র বিমোচন ও কর্মসংস্থানের লক্ষে বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। একটি বাড়ী একটি খামার প্রকল্প, খাদ্য নিরাপত্তা বেষ্টনী প্রকল্প, বয়স্ক ও বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, দুগ্ধ ভাতা, শিক্ষাবৃত্তি, উপবৃত্তি, বিনামূল্যে বই বিতরণ, বিনা বেতনে অধ্যয়নের মত বহুমুখী কল্যাণ ধর্মী কাজ করছে সরকার। এর ফলে বাংলাদেশের দারিদ্র জনগোষ্ঠীর ভাগ্যের পরিবর্তন ঘটছে। জনাব আ জ ম নাছির উদ্দীন কর্মক্ষম সকলকে কাজের মাধ্যমে জীবনের গতি প্রকৃতি পরিবর্তনে অবদান রাখার আহবান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব হাসান মুরাদ বিপ্লব। এতে বক্তব্য রাখেন শিক্ষক শাহাদাত হোসেন, আলহাজ্ব আবদুল হালিম দোভাষ, আবছার আহমেদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাউন্সিলর আলহাজ্ব ইসমাইল বালী, আইন কলেজ সাবেক অধ্যক্ষ ছালেহ আহমেদ সিদ্দিকী, সমাজসেবক আলহাজ্ব আবদুল মোমিন, আলহাজ্ব আবদুল হাশেম বাবুল, আলহাজ্ব সাইফুদ্দীন শাহী, আলহাজ্ব নাসির

আহমেদ, আলহায্ব গোলাম কিবরিয়া, নাসিম উল্লাহ চৌধুরী, জাহাঙ্গীর সিদ্দিকী, আবিদ হোসেন, মঞ্জুর মোরশেদ, মঞ্জুর আলম, সবির আহমেদ, আলহায্ব আবদুল মাবুদ বাবু আলহায্ব আবদুল মালেক সওদাগর, মিসকাতুল ইসলাম বাপ্পা, সাবেক ছাত্রনেতা তাজউদ্দিন রিজভি, সাইফুদ্দিন আহমেদ, কামরুল হক, যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম, সেক্সেসেবক লীগ নেতা আবদুল আজিজ, এনামুল হক, আবদুল মতিন, তারাপদ ইমন, হুমায়ুন মোরশেদ সাকিল প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন মহানগর যুবলীগ সদস্য খোরশেদ আলম রহমান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন